ঝিনাইদহে ফার্মেসিতে ভ্রাম্যমান আদালতের অভিযানে জরিমানা আদায়

মেয়াদোত্তীর্ণ ঔষধ খেলে স্বাস্থের ক্ষতি করেনা- মন্তব্য ঝিনাইদহে ঔষধ প্রশানের সহকারী পরিচালক মো: নাজমুল হাসান

মেয়োদোত্তীর্ণ ঔষধ ৬ মাস বা এক বছর পর্যন্ত খেলে তা স্বাস্থের জন্য কোন ক্ষতি করেনা। এটি মেডিকেল টেস্টে প্রমানিত।

মেয়াদোত্তীর্ণ ঔষধ খাওয়া যাবেনা এর কোন বিধান নেই বলে জানিয়েছেন ঝিনাইদহ ঔষধ প্রশাসন অধিদপ্তরের সহকারী পরিচালক
মো: নাজমুল হাসান। আজ বুধবার সকালে ঔষধ ফার্মেসীতে জেলা প্রশাসনের ভ্রাম্যমান আদালত পরিচালনা কালে তিনি এ কথা বলেন।

তবে বিষয়টি নিয়ে ঝিনাইদহ সিভিল সার্জন ডা: সেলিনা বেগম জানান, কোন ক্রমেই মেয়াদোত্তীর্ণ ঔষধ খাওয়া যাবেনা।

মেয়াদ শেষ হলে ঔষধ যে উপাদান দিয়ে তৈরি হয় তার গুনগতমান নষ্ট হয়ে যায়। যা খেলে মানবস্বাস্থের জন্য মারাত্নক ক্ষতির কারন হতে।

এমনকি পার্শ্বপ্রতিক্রিয়ায় মৃত্যু পর্যন্ত হতে পারে। কোন ঔষধের মেয়াদ কবে শেষ হবে, কতদিন গুণগতমান থাকবে তা কোম্পানীগুলো দেখেই তৈরি করে। ঔষধ প্রশাসন কর্মকর্তা কিভাবে কোন নির্দেশনায় মেয়াদোত্তীর্ণ ঔষধ খাওয়া যাবে বলেছেন সেটা আমার বোধগম্য না।

জানা যায়, প্রায় এক মাস যাবৎ জেলা শহরের বিভিন্ন ঔষধ ফার্মেসীতে পূর্বের ৫% বা ৭% কমিশনে ঔষধ বিক্রি বন্ধ করে দেয়
বিক্রেতারা। পরে তারা কোম্পানীর এমআরপি রেটে বিক্রি শুরু করে যা কিনতে গিয়ে অনেকটা নাভিশ্বাস ওঠে ক্রেতাদের মধ্যে।

এসব অভিযোগের প্রেক্ষিতে আজ বুধবার শহরের মাসুদ ফার্মা, তাজমহল, আক্তার, পান্না, নিউ সালেহা, সিদ্দিক, আলহেরাসহ প্রায়
১৫ টি ফার্মেসীতে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয়েছে।

এদের মধ্যে ৩ মাসুদ ফার্মা, তাজমহল ও আক্তার ফার্মেসীতে ১২ হাজার টাকা জরিমানা করা হয়। ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন জেলা

প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট ইরফানুল হক।

এসময় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল, জেলা ঔষধ প্রশাসন অধিদপ্তরের সহকারী পরিচালক মো: নাজমুল হাসান উপস্থিত ছিলেন।

ভ্রাম্যমান আদালতের বিচারক ইরফানুল হক জানান, সরকারী নির্দেশনা না থাকলেও ফার্মেসীতে কমিশন বাদে এমআরপি রেটে ঔষধ বিক্রি হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয়।

ঘটনার সত্যতা পেয়ে এবং মেয়াদোত্তীর্ণ ঔষধ রাখায় শহরের মাসুদ ফার্মাকে ২ হাজার, আক্তার ফার্মেসীকে ৫ হাজার ও তাজমহল ফার্মেসীকে ৫ হাজার টাকা জারিমানা করা হয়। সেসময় বাকিদেরকে সতর্ক করা হয়েছে ভবিষ্যতে যেন এমন অনিয়ম না করা
হয়।
তিনি আরো জানান, ঔষধ প্রশাসনের সহকারী পরিচালক মো: নাজমুল হাসান যে মেয়াদোত্তীর্ণ ঔষধ খাওয়া যাবে বলেছেন তা
তাকে প্রমাণ করতে হবে। এদিকে ক্ষুব্ধ সাধারন মানুষ অভিযোগ করে বলেন, দীর্ঘদিন এমন ইচ্ছামত বিক্রেতারা ঔষুধ বিক্রি করে আসছে কিন্তু ঔষধ প্রশাসন কোন তদারকি করেনা।

ঢাকাসহ পাশ্ববর্তি বিভিন্ন জেলায় ৫%, ৭ %, ১০ % হারে ◌্ধসঢ়;ওষূধ বিক্রি হচ্ছে কিন্তু ঝিনাইদহে এর ব্যতিক্রম। সরকারের উচিত উপর মহল থেকে এর তদারকি করা এবং যারা এর সাথে জড়িত তাদের শাস্তির আওতায় আনা।

এ বিষয়ে জেলা প্রশাসক সরোজ কুমার নাথ জানান, ঔষধ প্রশাসনের সহকারী পরিচালকের মন্তব্য খতিয়ে দেখা হচ্ছে। যদি তিনি আইন না মেনে মন্তব্য করে থাকেন তবে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

ঝিনাইদহে স্কুল শিক্ষকের রমরমা

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

রায় দেন।

দন্ডিত দিদার লস্কার শৈলকুপা উপজেলার রাজনগর গ্রামের মৃত মকলেছুর রহমানের ছেলে। দন্ডপ্রাপ্ত আসামী পলাতক রয়েছে।

মামলার বিবরণে জানা যায়, ২০১২ সালের ২৮ সেপ্টেম্বর দিদার লস্কার যৌতুকের দাবিতে তার স্ত্রী শিলা খাতুনকে শ্বাসরোধ করে হত্যা করে। এমন খবর পেয়ে শিলা খাতুনের পরিবারের লোকজন দিদারের বাড়িতে গিয়ে দেখতে পান তার মৃতদেহ পড়ে আছে। স্বামী দিদার লস্কার তার পুত্র সন্ত্রানকে নিয়ে পালিয়েছে। খবর পেয়ে পুলিশ লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্যে মর্গে পাঠায়।

এ ঘটনায় মৃত্যুর পরদিন ২০১২ সালের ২৯ সেপ্টেম্বর নিহতের মা হাসিনা বেগম বাদী হয়ে ৩ জনকে আসামী করে একটি হত্যা মামলা দায়ের করে। দীর্ঘ তদন্ত ও শুনানী শেষে ১নং আসামী দিদার লস্কারকে দোষী প্রমাণিত হওয়ায় আদলত তাকে ফাঁসির আদেশ প্রদান করেন। বাকী ২ আসামীকে আনীত অভিযোগ প্রমানিত না হওয়ায় তাদের এ মামল্ ◌াহতে খালাস প্রদান করা হয়।

আরো পড়ুন – ঝিনাইদহ শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের অধ্যক্ষ অবরুদ্ধ

ঝিনাইদহ শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের অধ্যক্ষ অবরুদ্ধ

শিক্ষার্থীদের স্থগিত ফলাফল প্রকাশ, রেজিস্টেশন বিভাগে দক্ষ জনবল নিয়োগসহ ৪ দফা দাবীতে ঝিনাইদহ শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের অধ্যক্ষ অবরুদ্ধ করে শিক্ষার্থীরা।

মঙ্গলবার দুপুর দেড়টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত একাডেমীক ভবন ও কলেজের প্রধান ফটকে তালা ঝুলিয়ে বিক্ষোভ করে আন্দোলনকারী শিক্ষার্থীরা।

এসময় শিক্ষার্থীরা অভিযোগ করেন, কলেজ কর্তৃপক্ষের ভুলের কারণে গত শিক্ষাবর্ষ ও চলতি শিক্ষাবর্ষের ৮ জন শিক্ষার্থীর ফলাফল স্থগিত হয়েছে।

এতে চরম অনিশ্চয়তার মধ্যে আছে ভূক্তভোগী শিক্ষার্থীরা। এ নিয়ে বারবার প্রতিষ্ঠান প্রধানের কাছে বলা হলেও তিনি সমাধান করার উদ্যোগ নেননি। যে কারণে তারা অধ্যক্ষকে অবরুদ্ধ করে রাখে। পরে পুলিশের সহযোগিতায় অধ্যক্ষ উদ্ধার হলে তিনি সমস্যা সমাধানের আশ্বাস দিলে শিক্ষার্থীরা অবরোধ তুলে নেয়।

তবে এ বিষয়ে ক্যামেরার সামনে কথা বলতে রাজী হননি কলেজের অধ্যক্ষ প্রকৌশলী মহিবুল ইসলাম।

আরো পড়ুন – 11-02-2020

ঝিনাইদহে নতুন সাব-রেজিষ্ট্রারের যোগদান

ঝিনাইদহ সদর উপজেলার নতুন সাব-রেজিষ্ট্রার হিসেবে আমিনা বেগম যোগদান করেছেন। গত সোমবার সকালে তিনি যোগদান করেন।

তিনি প্রথম ২৪মার্চ ২০১১সালে মাগুরার শ্রীপুর উপজেলায় সাব-রেজিষ্টার হিসেবে কর্মজীবন শুরু করেন, এরপর মাগুরার মোহাম্মদ পুর, খুলনার ফুলতলা এবং সর্বশেষ ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলায় ০২ ফেব্রুয়ারী ২০২০ইং পর্যন্ত সুনামের সহিত কর্মজীবন অতিবাহিত করেন।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজীতে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন।
তিনি মাগুরা সদর উপজেলা পিটিআই পাড়ার সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহন করেন। ঝিনাইদহ সদর উপজেলার দায়িত্ব পালনে সকলের সহযোগীতা কামনা করেছেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

শিক্ষার্থী।

এসময় গুরতর আহত হয়েছেন রানা (২১) নামে অপর একজন। স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে ভর্তি করেন। পরে উন্নত চিকিৎসার জন্য তাদেরকে যশোর জেনারেল হাসপাতালে পাঠানো হয়।

গতকাল সোমবার সকাল সাড়ে ৯ টার দিকে উপজেলার সাফদারপুর বালিয়াডাঙ্গা গ্রামের আমতলা নামক স্থানে এ দূর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানাযায়, সোমবার সকালে মোটরসাইকেল যোগে দুই যুবক কোটচাঁদপুর শহরে দিকে রওনা হন। পথিমধ্যে ঘটনাস্থলে পৌছালে বিপরীত দিক থেকে বেপরোয়া গতিতে আসা মাছ বোঝাই একটি আলমসাধুর সঙ্গে সংঘর্ষ হয়।

এতে ঘটনাস্থলেই মোটরসাইকেল আরোহী সজিবের একটি পা শরীর থেকে বিছিন্ন হয়ে যায়। এবং অপর একজনের পা ভেঙ্গে গুরতর আহত হন। পরে ওই যুবকের বিছিন্ন পা পার্শ্ববর্তী একটি পুকুর থেকে উদ্ধার করা হয়।

আহতরা হলেন, উপজেলার সাফদারপুর ইউনিয়নের কন্যানগর গ্রামের আমানউল্লার কলেজ পড়ুয়া ছেলে সজিব ও জীবননগর উপজেলার করর্চাডাঙ্গা গ্রামের উসমানের ছেলে রানা।

মেপ্র/আরপি

কোটচাঁদপুরে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও মহান শহীদ দিবসের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (মুজিব বর্ষ) উদ্যাপন এবং ২১ ফেব্রুয়ারী মহান

শহীদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উদ্যাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা প্রশাসনের আয়োজনে সোমবার সকাল সাড়ে ১০ টার দিকে স্থানীয় উপজেলা পরিষদ মিলনায়তনে এই সভা অনুষ্টিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার নাজনীন সুলতানার সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মডেল থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম।

সভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (মুজিব বর্ষ) উদ্যাপন এবং ২১ ফেব্রুয়ারী মহান শহীদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উদ্যাপন উপলক্ষে বিশেষ প্রস্তুতি গ্রহন করা হয়।

এসময় উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, ইউপি চেয়ারম্যান, সাংবাদিক, রাজনৈতিক ও সামাজিক ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মেপ্র/আরপি

ঝিনাইদহে কৃষক হত্যা মামলায় ২ জন গ্রেফতার

ঝিনাইদহ সদর উপজেলার মুরারীদহ গ্রামের কৃষক সবুজ হত্যা মামলার ২ আসামীকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল সোমবার সকালে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার গোপালপুর গ্রাম থেকে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতরা হলো-মুরারীদহ গ্রামের মজিদ মন্ডলের ছেলে তছির মন্ডল (২৬) ও রাশেদ মন্ডল (২৩)।

ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার জানান, মোবাইল ট্র্যাকিং করে সবুজ হত্যা মামলার ২ আসামীর অবস্থান শনাক্ত করে তারা। পরে সে মোতাবেক ঝিনাইদহ সদর থানার ওসি তদন্ত এমদাদুল হক, অপারেশন আবুল খায়ের, এস আই সাখাওয়াত হোসেন সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে গোপালপুর গ্রামের একটি বাড়ী থেকে মামলার ২ নম্বর আসামী তছির মন্ডল ও ৪ নম্বর আসামী মজিদ মন্ডলকে গ্রেফতার করে।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার ছাগলে ক্ষেত খাওয়াকে কেন্দ্র করে সদর উপজেলার মুরারীদহ গ্রামের কৃষক সবুজ হোসেনকে কুপিয়ে হত্যা করে একই প্রতিবেশী মজিদসহ আরও কয়েকজন।

এ ঘটনায় পরদিন নিহতের পিতা ফজলুর রহমান বাদী হয়ে ঝিনাইদহ সদর থানায় ৭ জনকে আসামী করে একটি হত্যা মামলা দায়ের করে।

মেপ্র/আরপি

দর্শনায় সম্প্রাীতির বন্ধনে প্রবীন নব-নন্দনে চড়ুইভাতি অনুষ্ঠান

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনায় সম্প্রাীতির বন্ধনে প্রবীন নব-নন্দনে চড়ুইভাতি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।
গতকাল রবিবার ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে দিনব্যাপী এই অনুষ্ঠানে আলোচনা সভায় সভাপতিত্ব করেন জীবননগর উপজেলার কেডিকে ইউনিয়নের প্রবীন কমিটির সভাপতি মো: নূরুজ্জামান।

প্রধান অথিতি হিসাবে উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়ার প্রোগাম অফিসার ও দর্শনা প্রেসক্লবের সাধারন সম্পাদক মো: আওয়াল হোসেন।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সিনিয়ার সাংবাদিক আজাদ হোসেন, ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়ার প্রোগাম অফিসার বকুল হোসেন,